সংবাদ

তারিখ 18 MAR 2009
পৃষ্ঠা ... কলাম ...

# পিলখানার দুটি শিক্ষা প্রতিষ্ঠান ৩ দিনের জন্য খুলেছে

নিজস্ব বার্তা পরিবেশক

এসএসসি পরীক্ষা-২০০৯-এর ব্যবহারিক পরীক্ষাকে সামনে রেখে পরীক্ষার্থীদের অনুশীলনের জন্য বিডিআর সদর দপ্তরের দুটি শিক্ষা প্রতিষ্ঠান ৩ দিনের জন্য খুলে দেয়া হয়েছে। প্রতিদিন সকাল সাড়ে ৮টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানাগারে শিক্ষার্থীদের জন্য অনুশীলনের ব্যবস্থা করা হয়েছে। এপ্রিলের প্রথম সপ্তাহে বিডিআর সদর দপ্তরের সব শিক্ষা প্রতিষ্ঠান চালু হতে পারে বলে জানা গেছে।

বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস পাবলিক স্কুল এন্ড কলেজ এবং বীরশ্রেষ্ঠ মুন্সী আবদুর রউফ স্কুল এন্ড কলেজের বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখার প্রায় চারশ' শিক্ষার্থী গতকাল সকাল সাড়ে ৮টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত স্কুলে অবস্থান করে। আগামীকাল ১৯ মার্চ

শিক্ষা : পৃষ্ঠা : ১১ ক : ৬



*এসএসসি পরীক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষার অনুশীলনের জন্য গতকাল দুটি স্কুলের শিক্ষার্থীরা কড়া নিরাপত্তায় পিলখানায় প্রবেশ করে* —সংবাদ

## শিক্ষা : প্রতিষ্ঠান

(১ম পৃষ্ঠার পর)

বৃহস্পতিবার পর্যন্ত এসএসসি পরীক্ষার্থীদের জন্য প্রতিষ্ঠান দুটি খোলা থাকবে।

এদিকে সব শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার ব্যাপারে খুব শিগগিরই সিদ্ধান্ত আসবে বলে জানা গেছে। বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস পাবলিক স্কুল এন্ড কলেজের সিনিয়র শিক্ষক কালিদাস ঘোষ সংবাদকে জানান, আপাতত ব্যবহারিক পরীক্ষার কারণে প্রস্তুতি নিতে এ প্রতিষ্ঠান এসএসসি পরীক্ষার্থীদের জন্য খুলে দেয়া হয়েছে। তবে পরিপূর্ণভাবে শিক্ষা প্রতিষ্ঠানগুলো চালু করার ব্যাপারে জোর তৎপরতা চলছে। আগামী মাসের প্রথম সপ্তাহে এগুলো শিক্ষার্থীদের জন্য খুলে দেয়া সম্ভব হবে বলে জানান তিনি।

বিডিআর সপ্তাহ-২০০৯ উপলক্ষে গত ২৪ থেকে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত পিলখানার সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়। ২৭ তারিখ শুক্রবার হওয়ায় শিক্ষা প্রতিষ্ঠান খোলার কথা ছিল ২৮ ফেব্রুয়ারি। এর মধ্যে অনাকাঙ্ক্ষিত ঘটনার কারণে আজও সেগুলো শিক্ষার্থীদের জন্য খুলে দেয়া সম্ভব হয়নি।